

# আর চাহিব না

(আমি) দেখেছি জীবন ভ'রে চাহিয়া কত;  
(তুমি) আমারে যা' দাও, সবই তোমারি মত।  
আকুল হইয়ে মিছে, চেয়ে মরি কত কি যে,  
(কাঁদে) পদতলে নিষ্ফল বাসনা শত।  
কিসে মোর ভালো হয়, তুমি জান, দয়াময়,  
(তবু) নির্ভর জানে না, এ অবিনত।  
আমি কেন চেয়ে মরি, তুমি জান কিসে, হরি  
সফল হইবে মম জীবন-ব্রত।  
চাহিব না কিছু আর, দিব শ্রীচরণে ভার,  
হে দয়াল, সদা মম কুশল-রত।